

# দেড় মাসের ছুটিতে যাচ্ছে দেশের সব মাদরাসা

অনলাইন ডেস্ক



টানা দেড় মাসের ছুটিতে যাচ্ছে দেশের সব মাদরাসা। আসন্ন ত্রয়োদশ জাতীয় নির্বাচন উপলক্ষে আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি সাধারণ ছুটি ঘোষণা করেছে সরকার। আর এই ছুটি থেকেই শুরু হবে মাদরাসায় টানা ৪৬ দিনের ছুটি।

গত ২০ জানুয়ারি প্রকাশিত শিক্ষা মন্ত্রণালয়ের মাদরাসা শিক্ষা অধিদপ্তরের ছুটির তালিকা থেকে এ তথ্য জানা গেছে।

ছুটির বিশ্লেষণ অনুযায়ী, আগামী ১১ ও ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় নির্বাচনের ছুটি, ১৩

ও ১৪ ফেব্রুয়ারি যথাক্রমে শুক্র ও শনিবার।  
এরপর ১৫ ফেব্রুয়ারি মাদরাসায় শুরু হচ্ছে  
পবিত্র রমজান মাসের ছুটি। এরপর একে একে  
২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক  
মাতৃভাষা দিবস, ১৭ মার্চ শবেকদর, ২০ মার্চ  
জুমাতুল বিদা, ২১ মার্চ ঈদুল ফিতর, ২৬ মার্চ  
মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। ২৭-২৮ মার্চ  
যথাক্রমে শুক্র ও শনিবার।

তাই মাদরাসা শিক্ষাপ্রতিষ্ঠানগুলো শ্রেণি  
কার্যক্রম শুরু হবে ২৯ মার্চ।

উল্লেখ্য, দ্বিতীয় সর্বোচ্চ ১৫ দিন ছুটি থাকবে  
পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন অবকাশে।  
এই ছুটি চলবে আগামী ২৪ মে থেকে ১১ জুন।